



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

এসএমই বিভাগ

ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd; ফোন : ০২২২৩-৩৫৮৬৮০

প্রকা/এসএমই/১১(৪)/২০২২-২৩/১২৯(১২৫০)

তারিখঃ ২৪/০১/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বরাদ্দকৃত বিতরণের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জন ও বিতরণকৃত ঋণসমূহ যথাসময়ে আদায় প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ক্রেডিট বিভাগের সার্কুলার লেটার নং-পত্র নং- ৫৭৯(১২৫০), ১০০৬(১২৫০), ৫০(১২৫০) এবং ৯৯১(১২৫০) তারিখ যথাক্রমে ৩১/০৮/২০২২, ১৮/১০/২০২২, ১০/০৭/২০২৩, ০১/১১/২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সিএমএসএমই উদ্যোক্তাদেরকে অপেক্ষাকৃত স্বল্প সুদে ও সহজ শর্তে ঋণ সুবিধা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ মূলে ২৫০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়েছে। উক্ত আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে ৩৮০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। গুরুত্ব বিবেচনায় এ খাতে বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের নিমিত্ত অত্র বিভাগ কর্তৃক মাঠ পর্যায়ে ইতোমধ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ২১/০১/২০২৪ তারিখ ভিত্তিক পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় অত্র ব্যাংকের বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ :

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগ	২৫০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিম		
		ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার
১	ঢাকা	৮৬.০০	৬৬.২১	৭৬.৯৯%
২	ময়মনসিংহ	৫০.০০	৪০.০০	৮০.০০%
৩	চট্টগ্রাম	৩৭.০০	২৫.১০	৬৭.৮৪%
৪	খুলনা	২৭.০০	২৪.০৫	৮৯.০৭%
৫	বরিশাল	১৯.০০	১৫.২০	৮০.০০%
৬	সিলেট	২৪.০০	২২.১৬	৯২.৩৩%
৭	কুমিল্লা	৫৭.০০	৩৯.৪১	৬৯.১৪%
৮	ফরিদপুর	৩৩.০০	২৮.৮৮	৮৭.৫২%
৯	কুষ্টিয়া	৩৯.০০	২৯.৫৬	৭৫.৭৯%
১০	এলপিও	৮.০০	৫.৬০	৭০.০০%
মোট		৩৮০.০০	২৯৬.১৭	৭৭.৯৪%

- উপরোক্ত ছক পর্যালোচনায় দেখা যায় যে, CMSME খাতের ২৫০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বরাদ্দপ্রাপ্ত লক্ষ্যমাত্রা ৩৮০.০০ (তিনশত আশি) কোটি টাকার বিপরীতে বিগত ২১/০১/২০২৪ পর্যন্ত অত্র ব্যাংকের মোট বিতরণের অর্জন ২৯৬.১৭ কোটি (দুইশত ছিয়ানব্বই কোটি সতেরো লক্ষ) টাকা; মোট লক্ষ্যমাত্রার ৭৭.৯৪%। বর্তমান লক্ষ্যমাত্রার শতভাগ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে বিতরণ করার সময় ধার্য থাকলেও কোন বিভাগই ঋণ বিতরণের আশানুরূপ লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হয়নি।

০৩। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার বিগত বছরসমূহে সিএমএসএমই ঋণস্ফুটি, এ খাতের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরীখে প্রয়োজন সাপেক্ষে উক্ত লক্ষ্যমাত্রা পুনঃবন্টন করতে পারবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে পুনঃবন্টন করতে পারবেন। উল্লেখ্য, বিভাগীয় কার্যালয়সমূহের লক্ষ্যমাত্রার অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে প্রধান কার্যালয়ে আবেদন করতে হবে। ঋণ বিতরণকালে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করা যেতে পারেঃ

- ক) এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯ এর আলোকে সংজ্ঞায়িত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণকে প্রদত্ত মেয়াদী/চলতি মূলধন ঋণ ঋণসমূহ এ স্কিমের আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য যোগ্য মর্মে বিবেচিত হবে;

চলমান পাতা-০২

১০৮

২

১

বিষয় : কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বরাদ্দকৃত বিতরণের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জন ও বিতরণকৃত ঋণসমূহ যথাসময়ে আদায় প্রসঙ্গে।

- খ) ক্লাস্টারভুক্ত সিএমএসএমই উদ্যোক্তাগণকে সর্বাধিক অগ্রাধিকার প্রদান করতে হবে। এতদ্ব্যতীত নারী উদ্যোক্তা, বিশেষ চাহিদাসম্পন্ন উদ্যোক্তা এবং যে কোন দুর্যোগে (যেমন: নদীভাঙ্গন, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়, বন্যা, খরা, মঙ্গা, অগ্নিকাণ্ড, ভূমিকম্প, ভবনধ্বস, কোভিড-১৯ এর ন্যায় অতিমারী ইত্যাদি) ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণ অগ্রাধিকার ভিত্তিতে এ স্কিমের আওতায় ঋণ সুবিধা পাবে;
- গ) এ স্কিমের আওতায় বিতরণকৃত মোট ঋণের ন্যূনতম ৭৫(পঁচাত্তর) শতাংশ কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের মাঝে সামগ্রিকভাবে বিতরণ করতে হবে এবং সর্বোচ্চ ২৫ (পঁচিশ) শতাংশ মাঝারি উদ্যোক্তাদের মাঝে বিতরণ করা যাবে;
- ঘ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক এ স্কিমের আওতায় বিতরণকৃত মোট ঋণের ন্যূনতম ৬০(ষাট) শতাংশ মেয়াদী ঋণ এবং সর্বোচ্চ ৪০ (চল্লিশ) শতাংশ চলতি মূলধন/নগদ পুঁজি ঋণ খাতে প্রদান করতে হবে।

০৪। এমতাবস্থায়, ব্যাংক পরিচালনা পর্ষদের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২, অত্র ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা পরিকল্পনা ও পরিচালনা পরিপত্র নং-২৬/২০১০, তারিখঃ ৩০/১১/২০১০ এবং অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক মার্চ/২০২৪ এর মধ্যে স্ব-স্ব বিভাগের লক্ষ্যমাত্রার বিপরীতে বিতরণের শতভাগ অর্জন ও বিতরণকৃত ঋণ যথাসময়ে আদায় নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(আনন্দ মোহন গোপ)

উপমহাব্যবস্থাপক


ফোন : ০২২২৩-৩৫৮৬৮০

প্রকা/এসএমই/১১(৪)/২০২৩-২০২৪/

তারিখঃ ২৪/০১/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক